# Telephone conversation between Prime Minister and State Counsellorof Myanmar DawAung San SuuKyi

April 30, 2020

## প্রধানমন্ত্রী এবং মায়ানমারের স্টেট কাউন্সেলর দও আঙ্গ সান সুকি-র মধ্যে টেলিফোনে বাক্যালাপ

এপ্রিল 30,2020

এপ্রিল 30,2020 তারিখে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং মায়ানমারের স্টেট কাউন্সেলর দও আঙ্গ সান সুকি-র মধ্যে টেলিফোনে বাক্যালাপ হয়েছে।

দুই নেতা COVID 19 থেকে উদ্ভূত অন্তরদেশীয় এবং আঞ্চলিক পরিস্থিতির প্রসঙ্গ নিয়ে আলোচনা করেছেন এবং অতিমারির ছড়িয়ে পড়াকে নিয়ন্ত্রণ করার জন্য গৃহীত পদক্ষেপগুলির সর্বশেষ পরিস্থিতিকে পরস্পরের সাথে বিনিময় করেছেন।

ভারতের প্রতিবেশীসুলভ প্রথম নীতির একটি অপরিহার্য্য স্তম্ভ হিসেবে মায়ানমারের গুরত্বর উপরে রেখাপাত করে, প্রধানমন্ত্রী মোদী বলেছেন যে, মায়ানমারের স্বাস্থ্য এবং অর্থনীতির উপরে COVID 19 -এর প্রভাবকে প্রশমিত করার জন্য ভারত সম্ভাব্য সকল রকমের সাহায্য প্রদান করার জন্য প্রস্তুত রয়েছে।

ভারতে অবস্থিত মায়ানমারের নাগরিকদের জন্য ভারত সরকারের সকল প্রকারের সম্ভাব্য সহযোগিতার বিষয়ে প্রধানমন্ত্রী আশ্বাস দিয়েছেন, এবং মায়ানমারে অবস্থিত ভারতীয় নাগরিকদের প্রতি মায়ানমার কর্তৃপক্ষের সহযোগিতার হাত বাড়িয়ে দেবার জন্য স্টেট কাউন্সেলরকে ধন্যবাদ জানিয়েছেন। COVID-19 থেকে উদ্ভূত বর্তমান এবং ভবিষ্যতের যাবতীয় প্রতিবন্ধকতাকে মোকাবিলা করার জন্য যোগাযোগ বজায় রাখা এবং একযোগে কাজ করার বিষয়ে উভয় নেতা সহমত হয়েছে।

নিউ দিল্লি
এপ্রিল 30,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.